মেহেরপুর পৌরসভা কার্যালয়

মেহেরপুর।

'নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী।

মেহেরপুর পৌরসভার উদ্দোগে অদ্য ২১/০৪/২০২১ ইং তারিখ রোজ বুধবার বেলা ১০.০০ ঘটিকায় পৌরসভার কালাচাঁদ সভাকক্ষে 'নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অত্র পৌরসভার ৭, ৮, ও ৯ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর জনাবা হামিদা।

আলোচ্য সূচী :

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২. জেন্ডার এ্যাকশন প্ল্যান (GAP) বাস্তবায়নে মেহেরপুর পৌরসভাধীন মার্কেট গুলিতে নারীদের জন্য হাত ধোয়ার বেসিন সহ সুরক্ষা সামগ্রী রাখা প্রসংগে।
৩. বিবিধ।

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে আন্তরিক অভিনন্দন জানিয়ে সভার কার্যক্রম শুবু করেন।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন	সভায় সভাপতি মহোদয় আলোচ্য বিষয় অনুযায়ী অত্র পৌরসভার বস্তি উন্নয়ন কর্মকর্তা ও অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী জনাব খোন্দকার জাহিদুল হককে গত ২২/০৩/২০২১ ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরনী অত্র সভায় পাঠ করার অনুরোধ করেন। কার্যবিবরণীটি পাঠান্তে কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে সভায় গৃহীত হয়।	পঠিত ও গৃহীত হল।
জেন্ডার এ্যাকশন প্ল্যান (GAP) বাস্তবায়নে মেহেরপুর পৌরসভাধীন মার্কেট গুলিতে নারীদের জন্য হাত ধোয়ার বেসিন সহ সুরক্ষা সামগ্রী রাখা প্রসংগে।	নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব হামিদা সভায় জানান যে, মেহেরপুর পৌরসভায় বর্তমানে করোনা ভাইরাসের প্রকোপ অতিমাত্রায় দেখা যাচ্ছে। এহেন পরিস্থিতিতে পৌরসভার মধ্যে সমস্ত মার্কেট খোলা রয়েছে। বিশেষ করে শপিং মলগুলি এখন খোলা। এই সব সপিংমলগুলিতে বেশিরভাগ সময় মহিলাগণ কেনাকাটা করেন। আবার মহিলাদের সাথে তাদের বাচ্চারাও অনেক সময় আসে। তাই আমাদের করোনা ভাইরাস মোকাবেলা করতে অবশ্যই এই শপিংমল/মার্কেটগুলিকে স্যানিটেশনের আওতায় আনতে হবে। বিশেষ করে প্রতিটি মার্কেটেই হাত ধোয়ার ব্যবস্থা রাখতে হবে, সেই সাথে মাক্স ও অন্যান্য সুরক্ষা সামগ্রী রাখতে হবে। এই ব্যাপারে তিনি মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। মেয়র মহোদয় সভায় জানান, বর্তমানে মেহেরপুর তথা সমগ্র বাংলাদেশেই করোনা ভাইরাসের ২য় ফ্লো শুরু হয়েছে। এটিকে প্রতিহত না করতে পারলে আমাদের চরম ক্ষতি হয়ে যাবে। আর এর থেকে বাচতে হলে আমাদের অবশ্য সুরক্ষিত	পৌর পরিষদ ও নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সকল সদস্য এ ব্যাপারে কাজ করবেন।

	থাকতে হবে। তিনি বলেন বর্তমানে মেহেরপুরে মার্কেট গুলি এখনো খোলা রয়েছে। এখানে প্রতিদিন অনেক নারীপুরুষ কেনাকেটা করে। তাই মার্কেটগুলিতে সুরক্ষা সামগ্রী ব্যবহার অতি প্রয়োজন। তিনি বলেন প্রতিটি মার্কেটেই হাতধোয়ার জন্য বেসিন বসানোর নির্দেশনা প্রদান করতে হবে। সেই সাথে প্রত্যেককে মার্কেটে প্রবেশ করতে হলে অবশ্যই নিয়ম মাফিক মাক্স পড়তে হবে। এছাড়া প্রতিটি মার্কেটেই পর্যাপ্ত স্যানিটাইজার রাখার নির্দেশনা দেন। সেই সাথে মার্কেটে ভিড় এড়িয়ে সামাজিক দুরত্ব বজায় রেখে বেচাকেনা করতে নির্দেশ দেন। এর ব্যাত্যায় ঘটলে উক্ত ব্যবসায়ীর ট্রেড রাইসেন্স বাতিল পূবর্ক তার জরিমানাসহ আইনত কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে।	
বিবিধ	জনাবা মোছাঃ শিউলী খাতুন, মহিলা কাউন্সিলর ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা, সভায় বলেন, বর্তমানে বাংলাদেশে করোনা ভাইরাসের প্রভাবে গোটা সমাজ বিপর্যস্ত। এই করোনা ভাইরাস থেকে মুক্তি পেতে আমাদের সব থেকে প্রয়োজন সচেতনতা। কিন্তু লক্ষ করা যাচ্ছে আমাদের মাঝে সেই সচেতনতা নেই। তিনি জনগনের মাঝে সতেনতা করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মেয়র মেহোদয়ের দৃষ্টি আকর্ষন করেন। মেয়র মহোদয় বলেন, করোনা ভাইরাসের প্রদুর্ভাবে জাতি আজ বিপর্যস্ত। এই ভাইরাস থেকে মুক্তি পেতে আমাদের স্বাস্থ্যবিধি অবশ্যই মেনে চলতে হবে। তিনি বলেন পৌরসভা হতে প্রথম থেকে নানা পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। শহরের বিভিন্ন স্থানে সাবান/হ্যান্ড ওয়াশ দিয়ে হাত ধোয়ার ব্যবস্থা করা হয়েছে। প্রতি নিয়ত মাইক দিয়ে প্রচার করা হচ্ছে যাতে পৌরবাসী সচেতন হয়। উঠান বৈঠকের মাধ্যমে সচেতনতা মূলক প্রচারণা করা হচ্ছে। বিনা মূল্যে মাক্স ও স্যানিটাইজার বিতরণ করা হচ্ছে। এ ছাড়া আগামীতে প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণ করা হবে। এ ব্যাপারে সংশ্লিষ্ঠ সকলের সহযোগিতা কামনা করেন।	পৌর পরিষদ ।

সভার এই পর্যায়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে আবারো ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

হামিদা

(হামিদা)
মহিলা কাউন্সিলর ১, ২ ও ৩ নং ওয়ার্ড
ও সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
মেহেরপুর পৌরসভা।

অনুলিপি অবগতির জন্য প্রেরিত হল:

১. প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ" শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্প।

২. ...., সদস্য, নারী ও শিশু কমিটি।

মেহেরপুর পৌরসভা কার্যালয়

মেহেরপুর।

পরিশিষ্ট কঃ

সভার নামঃ 'নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির সভা

সভার তারিখঃ ২১/০৪/২০২১ ইং

সভার সময়ঃ বেলা ১০.০০ ঘটিকা

সভার স্থানঃ পৌর কালাচাঁদ সভা কক্ষ

সভায় উপস্থিত সদস্যগনের নাম ও স্বাক্ষরঃ

ক্রঃনং	নাম	পদবী	স্বাক্ষর
১	জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন	মেয়র, মেহেরপুর পৌরসভা	
২	জনাবা মোছাঃ আলপনা খাতুন	মহিলা কাউন্সিলর ১, ২ ও ৩ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	
৩	জনাব মোছাঃ শিউলী খাতুন	মহিলা কাউন্সিলর ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	শিউলী
৪	জনাব নুরুল আশরাফ রাজীব	কাউন্সিলর, ০৭ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	
৫	জনাব সৈয়দ মনজুরুল কবীর	কাউন্সিলর, ০৮ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	
৬	মোছাঃ হাসিনা খাতুন	টিএলসিসি সদস্য, মেহেরপুর পৌরসভা	হাসিনা
৭	খোন্দকার জাহিদুল হক	বস্তি উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর পৌরসভা	২১/০৪/২১
৮			
৯			